# উপজেলা পরিষদ
# কালিগঞ্জ, সাতক্ষীরা।

## নভেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
### অধিবেশন নং - ১১/২০২২

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ০১-১২-২০২২ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১১-৩০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ')।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও কার্যবিবরণীতে কোন সংশোধন / সংযোজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। তত্বঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **উপজেলা প্রকৌশল দপ্তর ঃ**<br>(ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি/২০২২-২৩ অর্থবছরে ১ম কিস্তি বাবদ ১৭.৬৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এডিপি ৪ কিস্তি ধরে (১৭.৬৬×৪)=৭০.৬৪ লক্ষ টাকা ও উপজেলা উন্নয়ন তহবিল হতে (রাজস্ব উদ্বৃত্ত) প্রাপ্ত ৮০.০০ (আশি লক্ষ) টাকা বরাদ্দ অনুযায়ী দাখিলকৃত প্রকল্পের মধ্যে থেকে খাতওয়ারী অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প বাছাইকৃত তালিকা অনুমোদনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব নাজিমুল ইসলাম এর আবেদনের প্রেক্ষিতে ২০২১-২২ অর্থবছরে এডিপির প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে তারালী, ভাড়াশিমলা ও মৌতলা ইউনিয়নের প্রকল্পের কাজ বাস্তবায়িত হয়নি কিন্তু প্রকল্পের বিলের অর্থ উত্তোলন করে রাখা হয়েছে। অতিদ্রুত ২০২১-২২ অর্থবছরের এডিপির প্রকল্পের কাজ সমাপ্ত করে লিখিতভাবে প্রতিবেদন দাখিলের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) এডিপি/২০২২-২৩ অর্থবছরে খাতওয়ারী বাছাইকৃত প্রকল্প তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (এডিপি/২০২২-২৩ প্রকল্পের তালিকা (গ) অনুচ্ছেদে সংযুক্ত)<br><br>(২) এডিপি/২০২১-২২ অর্থবছরে তারালী, ভাড়াশিমলা ও মৌতলা ইউনিয়নের প্রকল্পের কাজ অতিদ্রুত বাস্তবায়ন করে লিখিতভাবে প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধসহ সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |
| (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরের নতুন রেইট সিডিউল পাওয়া গেছে। যা বিগত ০১/১১/২০২২ ইং তারিখ উপজেলা পরিষদ সভায় আলোচনা করা হয়েছে। রেইট সিডিউল অনুযায়ী কালিগঞ্জ উপজেলার শহরকেন্দ্রিক RCC সড়ক ঃ (১) উপজেলা পরিষদের অভ্যন্তরীন সড়ক নির্মাণ (২) কালিগঞ্জ বাজার সেড নির্মাণ। ড্রেন ঃ ফুলতলা বাজার (১৬০০ মিটার) ড্রেন নির্মাণ ও উপজেলা পরিষদের পিছন দিয়ে নাজিমগঞ্জ বাজার ড্রেন নির্মাণ। পাবলিক টয়লেট ঃ (১) মৌতলা বাজার (২) নাজিমগঞ্জ বাজার (উপজেলা পরিষদের গেটের বিপরীতে) (৩) নলতা আহছানিয়া মিশন সংলগ্ন এতিমখানা, **কসাইখানা ঃ তারালী ইউনিয়নের উত্তর কালিগঞ্জ বাজারে মাংসের সেট নির্মাণ। কাঁচাবাজার ঃ** (১) নাজিমগঞ্জ বাজার/উজিরপুর বাজার মাংসের সেড, মাছের সেড ও মাল্টিপারপাচ সেড নির্মাণের (উপযুক্ত স্থান যেখানে পাওয়া যাবে) বিষয়ে সভায় পুনঃ বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরের নতুন রেইট সিডিউল অনুযায়ী কালিগঞ্জ উপজেলার শহরকেন্দ্রিক RCC সড়ক ঃ (১) উপজেলা পরিষদের অভ্যন্তরীন সড়ক নির্মাণ (২) কালিগঞ্জ বাজার সেড নির্মাণ। ড্রেন ঃ ফুলতলা বাজার (১৬০০ মিটার) ড্রেন নির্মাণ ও উপজেলা পরিষদের পিছন দিয়ে নাজিমগঞ্জ বাজার ড্রেন নির্মাণ। পাবলিক টয়লেট ঃ (১) মৌতলা বাজার (২) নাজিমগঞ্জ বাজার (উপজেলা পরিষদের গেটের বিপরীতে) (৩) নলতা আহছানিয়া মিশন সংলগ্ন এতিমখানা, কসাইখানা ঃ তারালী ইউনিয়নের উত্তর কালিগঞ্জ বাজারে মাংসের সেট নির্মাণ। কাঁচাবাজার ঃ (১) নাজিমগঞ্জ বাজার/উজিরপুর বাজারে মাংসের সেড, মাছের সেড ও মাল্টিপারপাচ সেড নির্মাণের (উপযুক্ত স্থান যেখানে পাওয়া যাবে) বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ৩। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জেলেদের নিবন্ধন ও পরিচয়পত্র প্রদান কার্যক্রমের আওতায় ০১-১২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫৯১টি জেলে নিবন্ধন ফর্ম এ উপজেলায় বিতরণ করা হয় এবং ১৫৩৬ টি পূরণকৃত ফর্ম অফিসে জমা হয়েছে। ফর্মগুলো যাচাই বাছাই পূর্বক খসড়া তালিকা প্রস্তুত করে প্রতিটি ইউনিয়নে পাঠানো হবে। খসড়া তালিকা থেকে মারা গেছে ও জেলে নয় এমন ব্যক্তির নাম বাদ দিয়ে প্রকৃত জেলেদের নাম পাঠানোর জন্য অনুরোধ জানান হয়। এছাড়া তিনি আরোও বলেন, "সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট" এর অওতায় ১২টি ক্লাস্টারের চিংড়ি চাষীদের ঘেরের লীজচুক্তিপত্র প্রস্তুত করা হয়েছে। এ সময় সভার সভাপতি জানান যে, "সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট" এর আওতায় এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে খালগুলো পুনখনন করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণসহ প্রতিটি খাল থেকে নেট /পাটা অপসারণ করে পানি স্বাভাবিক প্রবাহ বজায় রাখার জন্য অনুরোধ জানান হয়। এছাড়া নলতা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহবে বলেন, কালিগঞ্জ উপজেলাটি মৎস্য চাষের জন্য উপযোগী। এ উপজেলায় অধিকাংশ মানুষ ঘের ব্যাবসার সাথে জড়িত। তাই প্রতিটি ঘের ট্রেডলাইসেন্স এর আওতায় আনার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) এ উপজেলায় প্রতিটি ইউনিয়ন থেকে যাচাই বাছাই করে মারা গেছে ও জেলে নয় এমন ব্যক্তির নাম বাদ দিয়ে প্রকৃত জেলেদের নাম পাঠানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) "সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্ট" এর আওতায় এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে খালগুলো পুনখনন করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণসহ প্রতিটি খাল থেকে নেট /পাটা অপসারণ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৩) প্রতিটি ইউনিয়নের ঘেরগুলো বিধি মোতাবেক ট্রেডলাইসেন্স এর আওতায় আনার প্রস্তাব সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | (১)সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৪। স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। সম্প্রতি এ উপজেলায় কুকুরে কামড়ানো রুগীর সংখ্যা বেড়েই চলেছে। তাই চলতি অর্থবছরে এডিপি বরাদ্দ থেকে কুকুরে কামড়ানো ভ্যাকসিন সরবরাহ করার প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২২-২৩ অর্থ বছরে এডিপি বরাদ্দ থেকে কালিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কুকুরে কামড়ানো ভ্যাকসিন সরবরাহ বিষয় সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৫। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ (ক) উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, এ উপজেলাকে কৃষি খাদ্য-শস্যে সয়ংসম্পূর্ণ করতে উপজেলা কৃষি বিভাগ কাজ করে যাচ্ছে। এর ধারাবাহিকতায় এ উপজেলায় ৬৬৮০ জন কৃষককে প্রণোদনার আওতায় ধান ও সরিষা বীজ বিতারণ করা হয়েছে। তিনি আরোও বলেন, অনাবাদী জমিতে ফসল উৎপাদনের জন্য এ উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদ, স্কুল , কলেজ ও মাদ্রাসার তালিকা অতিদ্রুত উপজেলা কৃষি অফিসে প্রেরণের অনুরোধসহ সকল দপ্তরের অনাবাদী জমিতে শাক/সবজি উৎপাদনের বিষয় প্রস্তাব করেন। ক্লাইমেট স্মার্ট প্রকল্পের আওতায় কৃষ্ণনগর সোতার খাল ও ভাড়াশিমলা সাদপুর খাল খনন করা হবে। এতে কৃষ্ণনগর ইউনিয়নে প্রায় ৯০০ বিঘা জমিতে কৃষি পন্য উৎপাদন ও ভাড়াশিমলায় ৬০০ বিঘা জমিতে কৃষি পন্য উৎপাদন বৃদ্ধি পাবে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | অনাবাদী জমিতে ফসল উৎপাদনের জন্য এ উপজেলার প্রতিটি ইউনিয়ন পরিষদ, স্কুল , কলেজ ও মাদ্রাসার তালিকা অতিদ্রুত উপজেলা কৃষি অফিসে প্রেরণসহ সকল দপ্তরের অনাবাদী জমিতে শাক/সবজি উৎপাদনের বিষয় সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| ৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, এ উপজেলায় প্রানিসম্পদ কর্মকর্তা নেই। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) আওতায় সরকারি ভাবে গবাদিপশু, হাঁস-মুরগীসহ পোষা প্রাণীর ভ্যাকসিন কার্যক্রম অব্যাহত আছে এবং উপজেলায় জলবায়ু সহিষ্ণু গবাদী পশুর সেট কুশুলিয়া ইউনিয়ানে পুলিন বাবুর হাট খেলায় কাজী তাইজুল ইসলামের বাড়িতে নির্মাণ করা হবে। এছাড়া বিভাগীব কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কালিগঞ্জ উপজেলায় প্রাণিসম্পদ কর্মকর্তা নিয়ে আসার জন্য উর্দ্ধতণ কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ,সাতক্ষীরা। |
| ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, মুক্তিযোদ্ধাদের ঘর তৈরির কাজ চলমান আছে। এছাড়া বিভাগীর কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা শিক্ষা অফিসারের দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) পূর্বের নাম ভিজিডি কর্মসূচীর আওতায় ১ই জানুয়ারী ২০২৩খ্রিঃ থেকে ৩১ডিসেম্বর ২০২৪খ্রিঃ মাস পর্যন্ত চক্রের ভালনারেবল উইমেন বেনেফিট উপকারভোগী বাছাই/নির্বাচন সংক্রান্ত কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এছাড়া মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের ১৭তম ব্যাচের ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে এবং ১৮তম ব্যাচের ফ্যাশন ডিজাইন ও বিউটিফিকেশন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম ২০নভেম্বর ২০২২খ্রিঃ মাস হতে যথাযথভাবে চালু করা হবে। এছাড়া অন্যান্য কাজ স্বাভাবিক চলছে। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার পাশাপাশি ভালনারেবল উইমেন বেনেফিট উপকারভোগী বাছাই/নির্বাচন সংক্রান্ত আবেদন প্রক্রিয়া নীতিমালার আলোকে করার জন্য ও প্রতিটি ইউনিয়নে মাইকিং করার বিষয়ে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, ৩৭টি মাধ্যমিক বিদ্যালয় এবং ২৫টি দাখিল মাদ্রসায় ২০২৩ সালের নতুন পাঠ্যবই প্রতিষ্ঠান পর্যায়ে বিতরণ চলছে। আগামী ০১/০১/২০২৩ তারিখে এক সাথে সকল শিক্ষার্থীর হাতে নতুন বই বিতরণ করা হবে। সকল স্কুল ও মাদ্রাসায় বার্ষিক পরীক্ষা চলছে, আগামী ১৩/১২/২০২২ তারিখে পরীক্ষা শেষ হবে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ১১। <u>উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ</u> উপজেলা সমাজসেবা অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন যে, প্রতিটি ইউনিয়নে কতজন ভাতাভোগী টাকা পেয়েছে এবং কতজন ভাতাভোগী টাকা পায়নাই তার তালিকা উপজেলা সমাজসেবা অফিসে প্রেরণের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগনকে অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কালিগঞ্জ উপজেলার কতজন বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগী টাকা পেয়েছে এবং কতজন ভাতাভোগী টাকা পায়নাই তার তালিকা উপজেলা সমাজসেবা অফিসে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা<br><br>১। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ , |
| ১২। <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হননি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৩। <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৪। <u>বন বিভাগের কার্যক্রম ঃ</u> উপজেলা বন বিভাগের ফরেস্টার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। . | উপজেলা বন বিভাগের ফরেস্টারকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, |
| ১৫। <u>উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ</u> **উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।** | **উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার বিভাগের কার্যক্রম গতিশীল ও বেগবান করার জন্য অনুরোধ করা হয়।** | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৬। <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ</u> উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১৭। <u>উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ</u> উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৮। <u>জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ</u> উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, এ উপজেলার রেইন ওয়াটার হার্ভেষ্টারের বরাদ্দ পাওয়া গেছে। ইতোমধ্যে ইউনিয়নওয়ারী বিভাজন করা হয়েছে। অতিদ্রুত রেইন ওয়াটার হার্ভেষ্টার এর তালিকা প্রেরণের জন্য সকল চেয়ারম্যানগণকে অনুরোধ জানান হয়। এছাড়া তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য,কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ১৯। উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রম ঃ<br>উপজেলা নির্বাচন অফিসার বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাচন অফিসার কে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন কমিশন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২০। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২১। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে ৪টি অবকাঠামোর উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তাকে চলমান উন্নয়ন প্রকল্পগুলোর তদারকি করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | ১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ<br>২। সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মকর্তা। |
| ২৩। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি ঃ<br>সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডেপুটি জেনারেল ম্যানেজার বলেন, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। এ সময় উপজেলা চেয়ারম্যান বলেন, সারাবিশ্বে খাদ্যশস্যের সংকটকালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহবানে কিছু মানুষজন তাদের বাড়ির আঙিনার বা পার্শ্ববর্তী স্থানে শাকসবজি/ফসলী শস্য বাগানে আবাসিক মিটার থেকে পানি দেওয়ার জন্য সেচ পাম্প ব্যবহার করছে তাদের মিটারগুলোর সংযোগ বিছিন্ন না করে ওভারলুকিং করা সহ সঠিক মিটার রিডিং সংগ্রহ করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | যে সকল মানুষজন তাদের বাড়ির আঙিনার বা পার্শ্ববর্তী স্থানে শাকসবজি/ফসলী শস্য বাগানে আবাসিক মিটার থেকে পানি দেওয়ার জন্য সেচ পাম্প ব্যবহার করছে তাদের মিটারগুলোর সংযোগ বিছিন্ন না করে ওভারলুকিং করা সহ সঠিক মিটার রিডিং সংগ্রহ করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ডিজিএম, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৪। পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ<br>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। সভার সভাপতি বলেন যে, কৃষি উৎপাদন বৃদ্ধিতে ভাড়াশিমলা ইউনিয়নে বিল গুল্লী খাল, কান্তা খালির খাল ও লাউতলি খাল অবৈধ দখলদারদের উচ্ছেদ পূর্বক খাল খননসহ এ উপজেলার প্রতিটি ইউনিয়নে যে সকল সুইচ গেট গুলো নষ্ট হয়ে গিয়েছে সেগুলো মেরামতের জন্য তালিকা করে উর্দ্ধতন কর্তৃপক্ষরে নিকট পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলকে আগামী সভায় উপস্থিত থেকে তার বিভাগের কার্যক্রম অবহিত করাসহ ভাড়াশিমলা ইউনিয়নে বিল গুল্লী খাল, কান্তা খালির খাল ও লাউতলি খাল খনন ও প্রতিটি ইউনিয়নে যে সকল সুইচ গেট গুলো নষ্ট হয়ে গিয়েছে সেগুলো মেরামতের জন্য তালিকা করে উর্দ্ধতন কর্তৃপক্ষরে নিকট পত্র প্রেরণের সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) নির্বাহী প্রকৌশলী সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা। |

C:\Users\kajol\Desktop\Rezu\Meeting 01.12 2022 Copy.doc

২৫। উপজেলা (BADC) বিভাগের কার্যক্রম ঃ

(ক) বিএডিসি বিভাগের সহকারী প্রকৌশলী জানান যে, অবৈধ জলাবদ্ধতা নিরসন ও কৃষি খাদ্য শস্য উৎপাদন উপযোগী করতে সকল ইউনিয়নের খালগুলো ইজারা বাতিল করে অবৈধ দখলদারদের হাত থেকে মুক্ত করে খনন করা প্রয়োজন। এছাড়া এ উপজেলার পুনঃখনন যোগ্য খাল, পুকুর, ড্রাগ ওয়েল, বক্স কালভার্ট/ফুট ব্রিজ এর তালিকা প্রেরণের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগনকে অনুরোধ জানান হয়। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।

(খ) বিএডিসি বিভাগের সহকারী প্রকৌশলী আরো জানান যে, প্রতিটি ইউনিয়নে যে সকল এলাকায় নিরাপদ খাবার পানির অগভীর/গভীর নলকূপ আছে সেই সকল এলাকা থেকে সেচ মিটার বন্ধ করা আশু প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কৃষি কাজে ব্যবহারের জন্য অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিম্নবর্ণিত কৃষকগণ আবেদন করলে লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এবং বাছাই কমিটির সদস্য-সচিব, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি প্রতিবেদন দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

(ক) প্রতিটি ইউনিয়নের ইজারাকৃত খালগুলোর ইজারা বাতিলসহ খালগুলো খননের তালিকা প্রেরণের প্রস্তাব সভায় সর্ব সম্মতিক্রমে সৃদ্ধান্ত গৃহীত হয়।

(খ) কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (এস,আর,ও নং ১২৮- আইন/২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন বিবেচনা ক্রমে উপবিধি ৬(২) এ উল্লেখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত ব্যক্তিদের অনুকূলে নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমং | নাম, পিতার নাম | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মোঃ মেহেদী হাসান, পিং- আঃ আজিজ | ফতেপুর | যোগ্য |
| ২. | মোঃ মোশারাফ আলী গাজী, পিং- মোরশেদ গাজী | মুড়াগাছা, | যোগ্য নহে |
| ৩. | মোঃ ছফেদ আলী পিং-মৃত আবুল মোল্যা | কলিযোগা | যোগ্য |
| ৪. | মোঃ আবু মুছা সরদার পিং-মৃত কেরামত | রঘুনাথপুর | যোগ্য |
| ৫. | ইমরান হোসেন, পিং-আঃ হাকিম পাড় | সোতা | যোগ্য |
| ৬. | মোঃ আজিজুল ইসলাম, পিং-মোঃ আবুল | ফতেপুর | যোগ্য |
| ৭. | মোঃ জিয়ুর রহমান, পিং-মোঃ জিয়াদ আলী গাজী | মুকুন্দপুর | যোগ্য নহে |
| ৮. | প্রশান্ত কুমার ঘোষ, পিং-হরেকৃষ্ণ ঘোষ | দেয়া | যোগ্য |
| ৯. | মোঃ জিয়াউর রহমান, পিং-মোঃ ওয়াজেদ | সাদপুর | যোগ্য |
| ১০. | মোঃ আব্দুল জব্বার গাজী, পিং-মোঃ বাবুর | শ্রীরামপুর | যোগ্য |
| ১১. | কাজী সিদ্দিকুর রহমান, পিং-মৃত কাজী | কুশুলিয়া | যোগ্য |
| ১২. | আব্দুল হামিদ গাজী, পিং-কিনু গাজী | দাড়িয়ালা | যোগ্য |
| ১৩. | তুলসী কুমার ঘোষ, পিং-অমল চন্দ্র ঘোষ | দেয়া | যোগ্য |
| ১৪. | মোঃ রাশেদ আলী গাজী, পিং-মোঃ আসছার আলী | ঘুনশিরাজা রামপুর | যোগ্য |
| ১৫. | দিলীপ রায়, পিং-হরিপদ রায় | বিষ্ণুপুর | যোগ্য |
| ১৬. | আকতার হোসেন, পিং-মৃত আজিজার রহমান | মুকুন্দ মধুসূদনপুর | যোগ্য |
| ১৭. | মোঃ আকতার হোসেন, পিং-মোঃ হাসান আলী | ফরিদপুর | যোগ্য |
| ১৮. | জিএম আবু জাফর, পিং-মৃত খোরশেদ আলম | গোবিন্দপুর | যোগ্য |
| ১৯. | নির্মল দে, পিং-মৃত কালিপদ দে | কালিকাপুর | যোগ্য |
| ২০. | অশোক কুমার ঘোষ, পিং-চিত্তরঞ্জন ঘোষ | ধলবাড়িয়া | যোগ্য |
| ২১. | মোঃ শফিকুল ইসলাম, পিং- ফজলুর রহমান | লক্ষীনাথপুর | যোগ্য |
| ২২. | মোঃ আব্দুল জলিল, পিং-মৃত মোঃ পাচু গাজী | লক্ষীনাথপুর | যোগ্য |
| ২৩. | হাকিম গাজী, পিং-মৃত মানিক গাজী | উডাকুড় | যোগ্য |
| ২৪. | জামাল ফারুক, পিং-আব্দুল জলিল গাজী | রঘুনাথপুর | যোগ্য |
| ২৫. | জিএম মাসুদ রেজা রাজু, পিং-বাবর আলী গাজী | কালিকাপুর | যোগ্য |
| ২৬. | পলাশ কুমার হালদার, পিং-মদন হালদার | কৃষ্ণনগর | যোগ্য |
| ২৭. | মোঃ ফজর আলী গাজী, পিং-মোঃ এন্তাজ আলী | হিজলা | যোগ্য |
| ২৮. | মোঃ হায়াত আলী মোড়ল, পিং-মৃত আঃ আজিজ | ফরিদপুর | যোগ্য |
| ২৯. | নুরুল ইসলাম, পিং-আহাদুল্যা গাজী | কৃষ্ণনগর | যোগ্য |
| ৩০ | মোঃ মনিরুল ইসলাম, পিং-মুনছুর আলী হালদার | দেয়া | যোগ্য |
| ৩১. | প্রশান্ত সরকার, পিং-রাধাপদ সরকার | সোনা | যোগ্য |
| ৩২. | শম্ভুনাথ ঘোষ, পিং-মৃত কালীপদ ঘোষ | উজয়মারী | যোগ্য |
| ৩৩. | মোঃ মুকুলুর রহমান, পিং-মোঃ আবু বকর সরদার | ফরিদপুর | যোগ্য |
| ৩৪. | মধুসুদন ঘোষ, পিং-মৃত বিমল বিহারী ঘোষ | দেয়া | যোগ্য নহে |

(১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
(২) সহকারী প্রকৌশলী, বিএডিসি, কালিগঞ্জ, সাতক্ষীরা
(৩) চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ

| | | |
|---|---|---|
| **বিবিধ ঃ**<br>**(ক) সভার সভাপতি জানান যে, ৬২নং কিষাণ** মজদুর সরকারি **প্রাথমিক বিদ্যালয়, কালিগঞ্জ,** সাতক্ষীরা এর রেকর্ডীয় জমির **মধ্যে অবৈধ ভাবে** দোকানপাট নির্মান করে যাতায়াতের পথ বন্ধ **করেছে।** এতে বিদ্যালয়ের কোমলমতি শিশুদের চলাচলের পথ **সংকুচিত হয়ে পড়েছে** ও বিদ্যালয়ের পাঠদানের পরিবেশ **বিঘ্নিত হচ্ছে।** তাই অতিদ্রুত অত্র বিদ্যালয়ের রেকর্ডীয় জমি মাপ জরিপের মাধ্যমে চিহ্নিত করে অবৈধ দোকানপাট উচ্ছেদের বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়। | ৬২নং কিষাণ মজদুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালিগঞ্জ, সাতক্ষীরা এর রেকর্ডীয় জমি মাপ জরিপের মাধ্যমে চিহ্নিত করে অবৈধ দোকানপাট উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>৩। চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউঃ পরিঃ কালিগঞ্জ,সাতক্ষীরা।<br>৪। প্রধান শিক্ষক ৬২নং কিষাণ মজদুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, কালিগঞ্জ। |
| বিবিধ (খ) <u>উপজেলা পরিষদের আবাসিক ভবন বরাদ্দ প্রদান</u> সংক্রান্ত ঃ বিগত ২৯/০৪/২০১৯ এবং ৩০/০৫/২০১৯ তারিখের এ উপজেলা পরিষদ সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের আবাসিক ভবনের ভাড়া নিম্নবর্ণিত ভাবে নির্দিষ্ট করে দেয়া হয়েছিল ঃ-<br><br>১. গেজেটেট ভবন- মাসিক ৪,০০০/- (চার হাজার) টাকা<br>২. নন- গেজেটেড ভবন- মাসিক ৩,০০০/- (তিন হাজার) টাকা<br>৩. ডরমেটরি- সিট ভাড়া প্রতিসিট মাসিক ৫০০/- (পাঁচশত) টাকা<br>এ সিদ্ধান্ত জুন/২০১৯ মাস হতে কার্যকর ছিল এবং পূর্ববর্তী সময়ের বাসা ভাড়া পূর্বের নিয়মেই পরিশোধ করতে হবে মর্মে সিধান্ত ছিল।<br>পরবর্তীতে বিগদ ৩০/০৫/২০২০ তারিখ এ উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের আবাসিক ভবন ও ডরমেটরির ভাড়া নিম্নবর্ণিতভাবে পুনর্নির্ধারিত করা হয়েছে ঃ<br>১. গেজেটেট ভবন- মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা<br>২. নন- গেজেটেড ভবন- মাসিক ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা<br>৩. ডরমেটরি- সিট ভাড়া প্রতিসিট মাসিক ৮০০/- (আটশত) টাকা<br>উল্লেখ্য যে, সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণ সরকারের নিকট হতে নির্দিষ্ট হারে বাসা ভাড়া পেয়ে থাকেন। সরকারি কোন বাসায় বসবাস করতে হলে তাকে সেই নির্দিষ্ট বাসা ভাড়া কর্তন করতে হবে। কোন কর্মকর্তা / কর্মচারীর বাসা ভাড়া নির্দিষ্ট করে দেয়ার এখতিয়ার উপজেলা পরিষদের নেই। সে কারণ উপজেলা পরিষদের বাসায়/ ডরমেটরিতে বসবাসরত কর্মকর্তা/ কর্মচারীগণকে সরকারের নিকট হতে প্রাপ্ত বাসা ভাড়া নির্দিষ্ট হারে বেতন বিল হতে কর্তন করার সিদ্ধান্তের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আরো উল্লেখ্য যে, বিগত ২৮,২৯,৩০ নভেম্বর,২০২২ তারিখ এনআইএলজি-এর সাথে অনলাইন প্রশিক্ষণে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপ-সচিব মহোদয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ও উপজেলা পরিষদের বাসা বাড়ী বরাদ্দ প্রদানের বিষয়ে প্রশিক্ষণে জানিয়েছেন সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জন্য উপজেলা পরিষদের বাসা বাড়ীর ভাড়া নির্দিষ্ট করে দেয়ার কোন এখতিয়ার উপজেলা পরিষদের নেই,অবশ্যই অডিট আপত্তি উত্থাপিত হবে। উপজেলা পরিষদ বাসা বরাদ্দ নীতিমালা মোতাবেক বাসা বরাদ্দ প্রদানের বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। উপজেলা পরিষদের ডরমেটরিসহ আবাসিক ভবনের ভাড়া নির্দিষ্ট করে দেয়ার ২৯/০৪/২০১৯, ৩০/০৫/২০১৯ এবং ৩০/০৫/২০২০ তারিখে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে বাতিল করা হলো।<br><br>২। জুন/২০১৯ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত সময়ে যে সকল কর্মকর্তা/ কর্মচারী উপজেলা পরিষদের বাসায় বসবাস করেছেন এবং বর্ণিত নিয়মে বাসা ভাড়া পরিশোধ করেছেন সে ক্ষেত্রে এ বিষয়ে কোন অডিট আপত্তি উত্থাপিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীর নিকট হতে অবশিষ্ট অর্থ আদায় যোগ্য হবে। কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।<br><br>৩। উপজেলা পরিষদের বাস ভবনে বসবাসরত কর্মকর্তা/ কর্মচারীদের বেতন বিল হতে যাদের নামে বাসা বরাদ্দ রয়েছে জানুয়ারী/২০২৩ সন হতে আবশ্যিক ভাবে বাসা ভাড়া কর্তনের জন্য সংশ্লিষ্ট কর্তকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>৪। উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ , সাতক্ষীরাকে উপজেলা পরিষদের বাসা যাদের নামে বরাদ্দ প্রদান করা হয়েছে তাদের নামের তালিকা উপজেলা হিসাব রক্ষণ অফিসে আবশ্যিক ভাবে ১৫ জানুয়ারী ২০২৩-এর মধ্যে প্রেরণ করবেন এবং অনুলিপি চেয়ারম্যান,উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার , কালিগঞ্জ, সাতক্ষীরা বরাবর দাখিল করবেন। | ১। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br><br>২। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা<br><br>৩। উপজেলা পরিষদ আবাসিক বাস ভবন ও ডরমেটরিতে বসবাসরত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ |

| | | |
|---|---|---|
| **(গ) খাল খনন সংক্রান্ত ঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধিতে এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে গুরুত্বপূর্ণ খালগুলো খনন করা প্রয়োজন। তিনি আরো জানান দক্ষিণ শ্রীপুর ইউনিয়নে বেড়াখালী (হুলোর মাথা) কালভার্ট হতে চন্ডীতলা পর্যন্ত স্বরুপখালীর খাল পর্যন্ত ২ কিঃমিঃ (২) বেড়াখালী স্বরুপখালীর মুখ হতে উত্তর শ্রীপুর আক্কাজ মাষ্টারের বাড়ী পর্যন্ত প্রায় ২.৫ কিঃমিঃ। রতনপুর ইউনিয়নের (১) বাইনতলা-১ (২) বাইনতলা-২ (৩) টুঙ্গিপুর খাল (৪) কলকলী খাল, (৫) বাহাদুরপুর খাল (৬) মাছরাঙা খাল (৭) টেংরামারী খাল (৮) শিশির খাল (৯) টুপদিয়া খাল (১০) মরগানদোন খাল (১১) লাউতলী খাল। চাম্পাফুল ইউনিয়নের কান্তাখালী খাল (২) চান্দুলিয়া কাজীর বিলের খাল। ভাড়াশিমলা ইউনিয়নের সড়ক ও জনপদের পার্শ্ববর্তী খাল, মথুরেশপুর ইউনিয়নের (১) গেড়ের খাল, পাঁচবাড়িয়া খাল, দাড়িয়ালা খাল ও নিজদেবপুর অংশের গোলবখালীর খাল সমুহ সহ সকল খাল স্মলহোল্ডার এগ্রিকালচার কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) ও ক্লাইমেট স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্প হতে খনন করা জরুরীভাবে প্রয়োজন। এছাড়া খাজাবাড়িয়া অংশের গোবের খালের অসমাপ্ত অংশ খনন কার্য সম্পন্ন করার জন্য উপজেলা বিএডিসি বিভাগকে তাগিদ প্রদান করেন। এ বিষয়ে বিগত ০১/১১/২০২২ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ সভায় বর্ণিত খালগুলো অতিদ্রুত খননের নিমিত্তে এবং পাচবাড়িয়া খাল সহ সকল খাল অবৈধ দখলদারদের হাত থেকে বন্দোবস্ত বাতিলসহ রেকর্ড সংশোধন ও খননের প্রস্তাব স্ব স্ব দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্র উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের সিদ্ধান্ত হয়। কিন্তু এখনো পর্যন্ত এর কোন কার্যক্রম পরিলক্ষিত হচ্ছে না। এ বিষয়ে পুনরায় সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) বর্ণিত খালগুলো খাদ্য শস্য উৎপাদন বৃদ্ধিতে স্মলহোল্ডার এগ্রিকালচার কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) ও ক্লাইমেট স্মার্ট প্রযুক্তির মাধ্যমে খুলনা কৃষি অঞ্চলের জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের আওতায় খননের নিমিত্তে অবৈধ দখলদারদের হাত থেকে মুক্ত করার জন্য বন্দোবস্ত বাতিলসহ রেকর্ড সংশোধন ও খননের প্রস্তাব স্ব স্ব দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্র উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের পুনরায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) খাজাবাড়িয়া অংশের গোবের খালের অসমাপ্ত অংশ খনন কার্য সম্পন্ন করার জন্য উপজেলা বিএডিসি বিভাগকে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | (১) সিনিয়র মৎস্য কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(২) উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।<br>(৩) সহকারী প্রকৌশলী নির্মাণ জোন, বিএডিসি, সাতক্ষীরা।<br>(৪) উপ-সহকারী পরিচালকের দপ্তর, বীজ বিপনন, সাতক্ষীরা।<br>(৫) উপসহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কালিগঞ্জ |

সভার সভাপতি জানান যে, বিগত সভার সিদ্ধান্তের আলোকে স্ব স্ব বিভাগের কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবহিত করার জন্য স্ব স্ব দপ্তরের কর্মকর্তা বা তার প্রতিনিধিকে কর্মপরিকল্পনা নিয়ে সভায় হাজির থাকার জন্য অনুরোধ জানান হয়েছিল। বিষয়টি পুনরায় সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২২- ১১৭৩ তারিখ : ০৬/১২/২০২২ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। **মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা**

২। **সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা**

৩। **বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা**

৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৫। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সেচ) সাতক্ষীরা

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

৮। উপজেলা -------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

৯। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা

১০। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা

১১। চেয়ারম্যান ------------------------------------ ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

১২। জনাব ------------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

রহিমা সুলতানা বুশরা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

০১/১২/২০২২ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ১ | জনাব রহিমা সুলতানা বুশরা | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ২ | জনাব ডাঃ শেখ তৈয়েবুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ৩ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | | ৩ | জনাব ওয়াসীম উদ্দীন | উপজেলা কৃষি কর্মকর্তা,কালিগঞ্জ |
| ৪ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | | ৪ | জনাব মোঃ তৌহিদুল ইসলাম | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ পক্ষে |
| ৫ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি | | ৫ | জনাব জাকির হোসেন | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৬ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি | | ৬ | জনাব মোঃ নাজমুল হুদা | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৭ | জনাব আজিজুর রহমান | | | ৭ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ৮ | জনাব এনামুল হোসেন | চেয়ারম্যান, নলতা ইউপি | | ৮ | জনাব অর্ণা চক্রবর্তী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| ৯ | জনাব নাজমুল হাসান | চেয়ারম্যান, তারালি ইউপি | | ৯ | জনাব মোঃ মিরাজ হোসেন খান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১০ | জনাব এম আলীম আল রাজী | চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি | | ১০ | জনাব মিজানুর রহমান | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| ১১ | জনাব মোঃ ফেরদাউস মোড়ল | চেয়ারম্যান, রতনপুর ইউপি | | ১১ | জনাব এইচ এম কামরুজ্জামান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |
| | | চেয়ারম্যান মৌতলা ইউপি | | ১২ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | | ১৩ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৪ | জনাব শ্মশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৫ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৬ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| | | | | ১৭ | মিনারা আক্তার | তথ্য সেবা, কালিগঞ্জ |
| | | | | ১৮ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |
| | | | | ১৯ | জনাব মোঃ আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |

পরিশিষ্ট -'খ ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | | ১ | জনাব রুদ্র কিশোর মল্লিক | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি | | ২ | জনাব মোঃ আলমগীর হোসেন | উপজেলা সমন্বয়কারী, কালিগঞ্জ |
| ৩ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি | | ৩ | জনাব মোঃ আনোয়ার কবির | ইন্সট্রাক্টর, কালিগঞ্জ |
| ৪ | জনাব মোঃ আব্দুল হাকিম | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | | ৪ | জনাব অনুজ গাইন | উপজেলা নির্বাচন অফিসার, কালিগঞ্জ |
| | | | | ৫ | জনাব আব্দুল্লাহ আল মামুন | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ |
| | | | | ৬ | মোঃ আব্দুস সোলিম | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ পক্ষে |
| | | | | ৭ | জনাব মোঃ আসাদুজ্জামান | উপজেলা শিক্ষা অফিসার,কালিগঞ্জ |
| | | | | ৮ | জনাব তন্ময় হালদার | উপ-সহকারী প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |